গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

বাংলাদেশ সচিবালয়

ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-২৯/২০১৯-২০২০

ঢাকা, ২ আগস্ট শুক্রবার ২০১৯, ১৮ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ডেঙ্গুর বিস্তার রোধে নিজ নিজ এলাকায় পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করুন : প্রধানমন্ত্রী

২। ডেঙ্গু পরিস্থিতি উদ্বেগজনক হলেও মোকাবিলা করব : সেতুমন্ত্রী

৩। ডেঙ্গুর প্যাথলজি পরীক্ষার কিট ও রিএজেন্ট আমদানি করা হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

৪। সেপ্টেম্বরের প্রথম সপ্তাহের মধ্যেই ডেঙ্গু নিয়ন্ত্রণ : ঢাকা দক্ষিণ সিটি মেয়র

৫। ডেঙ্গু রোধে কলকাতা থেকে বিশেষজ্ঞ আনা হবে : ঢাকা উত্তর সিটি মেয়র

৬। মশা নিধনে সব ধরনের আধুনিক প্রযুক্তি ব্যবহার করা হবে :
ফগার মেশিনের মাধ্যমে মশা নিধন কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে ডিএনসিসি মেয়র

৭। রোহিঙ্গা ইস্যুতে থাইল্যান্ডের সহায়তা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী

৮। বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের নীলনকশা প্রণয়নকারীদের মুখোশ উন্মোচন করা প্রয়োজন : তথ্যমন্ত্রী

৯। বাংলাদেশে ব্রিটিশ বিনিয়োগ বাড়ানোর আহ্বান অর্থমন্ত্রীর

১০। বেসিক ব্যাংকের লোকসানি শাখা বন্ধ করা হবে : অর্থমন্ত্রী

১১। পানি সংকট নিরসনে প্রয়োজনমুখী প্রকল্প নেওয়া হচ্ছে : খুলনায় স্থানীয় সরকারমন্ত্রী

১২। জাতীয় চাঁদ দেখা কমিটির সভা আজ

চলমান পাতা-২

১। ডেঙ্গুর বিস্তার রোধে নিজ নিজ এলাকায় পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করুন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডেঙ্গুর বিস্তার রোধে সবাইকে যার যার ঘরবাড়ি পরিচ্ছন্ন রাখার আহ্বান জানিয়ে বলেছেন, ডেঙ্গু মোকাবিলায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। আওয়ামী লীগের প্রত্যেক নেতাকর্মী তাদের নিজ নিজ এলাকায় পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করবেন। এর পাশাপাশি দেশবাসীকেও দায়িত্বশীল হতে হবে। গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) রাজধানীর ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনের সামনে শোকের মাসের প্রথম দিনে কৃষক লীগ আয়োজিত স্বেচ্ছায় রক্তদান ও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনকালে লন্ডন থেকে মোবাইল ফোনে তিনি এ আহ্বান জানান। এ সময় প্রধানমন্ত্রী বলেন, মানুষের ভাগ্য উন্নয়নে জাতির পিতা রক্ত দিয়েছেন। তাঁর রক্তঋণ আমাদের শোধ করতে হবে, বাংলার মানুষের ভাগ্য পরিবর্তনের মধ্য দিয়ে। জাতির পিতার মহান ত্যাগ বৃথা যেতে পারে না। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬)।

২। ডেঙ্গু পরিস্থিতি উদ্বেগজনক হলেও মোকাবিলা করব : সেতুমন্ত্রী

দেশের ডেঙ্গু পরিস্থিতি উদ্বেগজনক হলেও মোকাবিলা করা কঠিন নয়। পরিস্থিতি সরকারের নিয়ন্ত্রণের বাইরেও নয়। সরকার চ্যালেঞ্জের সঙ্গেই মোকাবিলা করবে। গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) শিল্পকলা একাডেমির চিত্রশালার মাসব্যাপী বঙ্গবন্ধুর জীবনভিত্তিক সংবাদচিত্র প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এসব কথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে পরিস্থিতি মোকাবিলা করব। তিনি আরো বলেন, ‘ডেঙ্গু কেবল বাংলাদেশে নয়, বিশ্বের বিভিন্ন দেশেও দেখা দিয়েছে। ফিলিপাইনে এ পর্যন্ত ডেঙ্গুতে আটশ’ জনের মৃত্যু হয়েছে, এক লাখ আক্রান্ত হয়েছে। তারা দেশে জাতীয় দুর্যোগ ঘোষণা করেছে। ভিয়েতনাম, ভারত, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, সিঙ্গাপুরেও ডেঙ্গু ছড়িয়ে পড়েছে। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫)।

৩। ডেঙ্গুর প্যাথলজি পরীক্ষার কিট ও রিএজেন্ট আমদানি করা হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, দেশের সব জেলায় ডেঙ্গু রোগী শনাক্ত হচ্ছে। ফলে দিন দিন ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে। তাই অতিরিক্ত রোগীর চাপ সামাল দিতে রাজধানীর তিনটি সরকারি হাসপাতালকে প্রস্তুত করা হচ্ছে। তিনি বলেন, ডেঙ্গুর প্যাথলজি পরীক্ষার কিট ও রিএজেন্ট আমদানি করা হচ্ছে। ডেঙ্গু পরীক্ষার জন্য আজ বৃহস্পতিবার দেশে আসছে এক লাখ কিট। গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) ঢাকার স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতালে ডেঙ্গু বিষয়ক এক সেমিনারে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন । সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৩)।

৪। সেপ্টেম্বরের প্রথম সপ্তাহের মধ্যেই ডেঙ্গু নিয়ন্ত্রণ : ঢাকা দক্ষিণ সিটি মেয়র

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকন বলেছেন, আগামী সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহের মধ্যেই আমরা ডেঙ্গু মোকাবিলায় সর্বাত্মকভাবে সফল হবো। স্বাস্থ্য মন্ত্রণালয় আমাদের সাতটি ওয়ার্ডকে সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ বলেছে। সেখানে আমরা সর্বশক্তি নিয়োগ করেছি। জনগণকে সঙ্গে নিয়ে সম্মিলিত প্রচেষ্টার মধ্য দিয়ে ডেঙ্গু নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে। গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) রাজধানীর বেইলি রোডে ভিকারুননিসা নূন স্কুল ও কলেজে বিনামূল্যে অ্যারোসল বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র: **ইত্তেফাক** (পৃ.১,ক.২)।

৫। ডেঙ্গু রোধে কলকাতা থেকে বিশেষজ্ঞ আনা হবে : ঢাকা উত্তর সিটি মেয়র

চিকুনগুনিয়া ও ডেঙ্গু জ্বরের জীবাণুবাহী এডিস মশার নিয়ন্ত্রণে কলকাতা থেকে বিশেষজ্ঞ আনা হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র মো. আতিকুল ইসলাম। তিনি বলেছেন, কলকাতা সিটি করপোরেশনের অভিজ্ঞতা কাজে লাগাতে সেখান থেকে একজন বিশেষজ্ঞকে শীঘ্রই ঢাকায় আনা হচ্ছে। গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) ডেঙ্গু পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে আন্তঃমন্ত্রণালয়ের বৈঠকের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫)।

৬। মশা নিধনে সব ধরনের আধুনিক প্রযুক্তি ব্যবহার করা হবে :
ফগার মেশিনের মাধ্যমে মশা নিধন কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে ডিএনসিসি মেয়র

এবার মোটরবাইকে করে ফগার মেশিনের মাধ্যমে মশার ওষুধ ছিটানোর উদ্যোগ নিয়েছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) মেয়র মো. আতিকুল ইসলাম গুলশান-২-এ এ কার্যক্রমের উদ্বোধন করেন। এ সময় মেয়র বলেন, মশক নিধন কার্যক্রমে সম্ভাব্য সব ধরনের আধুনিক প্রযুক্তি ব্যবহার করা হবে। এ ধরনের মোটরবাইক কাম মশক নিধন যন্ত্র পর্যায়ক্রমে আরো বাড়ানো হবে। এতে সময়, শ্রম ও অর্থ সাশ্রয় হবে বলে আশা করছি। সূত্র : **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১)।

৭ । **রোহিঙ্গা ইস্যুতে থাইল্যান্ডের সহায়তা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন রোহিঙ্গাদের আশু ও নিরাপদ প্রত্যাবাসনে থাইল্যান্ডের সহায়তা চেয়েছেন। গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) ব্যাংককে থাই পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠকে তিনি এ সহায়তা চান। আসিয়ান রিজিওনাল ফোরামের সম্মেলনে যোগ দিতে গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) থাইল্যান্ড গেছেন পররাষ্ট্রমন্ত্রী। সেখানে থাই পররাষ্ট্রমন্ত্রী ডন প্রামুদ্বিনাইর সঙ্গে বৈঠকে রোহিঙ্গা ইস্যুতে পররাষ্ট্রমন্ত্রী বলেন, এ সমস্যা সমাধানে আসিয়ানের বর্তমান সভাপতি হিসেবে থাইল্যান্ডের কাছে বাংলাদেশের অনেক প্রত্যাশা রয়েছে। বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী ডনকে রোহিঙ্গা সঙ্কট প্রলম্বিত হলে পুরো অঞ্চলের নিরাপত্তা ঝুঁকির ব্যাপারে সতর্ক করেন। পররাষ্ট্রমন্ত্রী আশ্রয়দাতা জনগোষ্ঠীর ওপর বিপুলসংখ্যক রোহিঙ্গা জনগোষ্ঠীর বিরূপ প্রভাবের কথাও তুলে ধরেন। থাই পররাষ্ট্রমন্ত্রী এ সমস্যা সমাধানে কাজ চালিয়ে যাওয়ার আশ্বাস দেন। পররাষ্ট্রমন্ত্রী দু'দেশের মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার ওপর জোর দেন। তিনি থাইল্যান্ডকে বাংলাদেশের কৃষিভিত্তিক শিল্পে বিনিয়োগের আহ্বান জানান। থাইল্যান্ডের এশিয়ান ইনস্টিটিউটে বঙ্গবন্ধু চেয়ার পিএইচডি ফেলোশিপ চালুর জন্য তিনি থাই সরকারকে ধন্যবাদ জানান। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৮ । **বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের নীলনকশা প্রণয়নকারীদের মুখোশ উন্মোচন করা প্রয়োজন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, কমিশন গঠন করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যাকাণ্ডের নীলনকশার সঙ্গে জড়িতদের মুখোশ উন্মোচন করা প্রয়োজন। গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) সচিবালয়ে ক্লিনিক ভবনের সামনে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে তথ্য অধিদপ্তর আয়োজিত 'জাতির পিতা বঙ্গবন্ধুর দুর্লভ আলোকচিত্র প্রদর্শনী'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান, তথ্যসচিব আবদুল মালেক, প্রধান তথ্য অফিসার সুরথ কুমার সরকারসহ মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

৯। **বাংলাদেশে ব্রিটিশ বিনিয়োগ বাড়ানোর আহ্বান অর্থমন্ত্রীর**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বাংলাদেশে যুক্তরাজ্যের বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানিয়েছেন। একই সঙ্গে তিনি বলেছেন, যুক্তরাজ্য-বাংলাদেশ দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নে দেশের তরুণ ব্যবসায়িক গোষ্ঠী কাজ করবে। গত ৩১ জুলাই বুধবার ব্রিটিশ হাইকমিশনে ব্রিটিশ বিজনেস গ্রুপ আয়োজিত এক চা চক্রে এ আহ্বান জানান অর্থমন্ত্রী। অর্থমন্ত্রী আরো বলেন, বাংলাদেশ কৌশলগতভাবে চীন, ভারত এবং এশিয়ার অন্যান্য ক্রমবর্ধমান অর্থনীতির মধ্যে অবস্থান করছে। দেশকে এগিয়ে যাওয়ার জন্য বিদেশি বিনিয়োগের প্রয়োজন। ব্রিটিশ সংস্থাগুলোর উচিত বাংলাদেশে বিনিয়োগ করা এবং ব্যবসায়িক সম্পর্ক আরও জোরদার করা। সূত্র : **সমকাল** (পৃ.১২,ক.১)।

১০। **বেসিক ব্যাংকের লোকসানি শাখা বন্ধ করা হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, পরপর তিন বছর বেসিক ব্যাংকের যে সব শাখা লোকসানে থাকবে সেগুলো বন্ধ করে দেওয়া হবে। যারা বেনামে ঋণ নিয়েছে টাকা ফেরত না দেওয়ার জন্য, তাদের ছাড় দেওয়া হবে না। আমরা ঋণ আদায় সহজ করে দেব কিন্তু ঋণ মাফ করতে পারব না। গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) রাজধানীর মতিঝিলে বেসিক ব্যাংকের প্রধান কার্যালয় পরিদর্শন শেষে ব্যাংক কর্মকর্তাদের সঙ্গে এক আলোচনায় অর্থমন্ত্রী এসব কথা বলেন। অর্থমন্ত্রী আরো বলেন, বেসিক ব্যাংকে বিশেষ নিরীক্ষা চলছে। ঋণ বিতরণ অনিয়মে ব্যাংকের কোনো কর্মকর্তার যোগসূত্র থাকলে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

১১। **পানি সংকট নিরসনে প্রয়োজনমুখী প্রকল্প নেওয়া হচ্ছে : খুলনায় স্থানীয় সরকারমন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী তাজুল ইসলাম বলেছেন, সরকার ২০৩০ সালের মধ্যে সবার জন্য পানীয়জল সরবরাহে দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ। এ লক্ষ্যে পানীয়জল সংকট নিরসনে প্রয়োজনমুখী প্রকল্প গ্রহণ করা হচ্ছে। গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) খুলনা বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে দু'দিনব্যাপী দ্বিতীয় উপকূলীয় পানি সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, বর্তমান সরকার বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নে তথা দেশের মানুষের ভাগ্য উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আমরা এমডিজি অর্জন করেছি, এসডিজিও অর্জন করতে সক্ষম হবো। সরকার পানি, জ্বালানি, শিক্ষা, কর্মসংস্থানসহ সবদিক নিয়ে কাজ করছে। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.৮)।

১২। **জাতীয় চাঁদ দেখা কমিটির সভা আজ**

পবিত্র ঈদ-উল-আজহার তারিখ নির্ধারণের লক্ষ্যে আজ (২ আগস্ট শুক্রবার) বায়তুল মোকাররম ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন ধর্ম প্রতিমন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি আলহাজ এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহ। ইসলামিক ফাউন্ডেশন গতকাল (১ আগস্ট বৃহস্পতিবার) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানায়। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।